যুগান্তর

31 MAY 2017

# বাকলিয়ায় শিক্ষা সামগ্রী বিতরণ


২৭ জুন শুক্রবার বিকাল ৪টায় রাহাত্তারপুলস্থ হলি সিটি মডেল স্কুলে বাকলিয়া থানা স্বজন এর উদ্যোগে শিশুদের মাঝে শিক্ষাসামগ্রী বিতরণ করা হয়। স্বজন হাসান মো. রনির সভাপতিত্বে ও প্রান্থ সুশীল এর সঞ্চালনায় অনুষ্ঠিত হয়।

এই কর্মসূচির উদ্বোধন করেন জেলা স্বজনের সাধারণ সম্পাদক মুহিউদ্দীন চৌধুরী জিকু। তিনি তার বক্তব্যে বাকলিয়া স্বজন মানবতার কল্যাণে এগিয়ে যাবে এই প্রত্যাশা ব্যক্ত করেন। এতে প্রধান অতিথি ছিলেন, সমাজসেবক এসএম মোক্তার হোসেন লিটন। তিনি তার বক্তব্যে স্বজনদের অতীত কর্মকাণ্ডের প্রশংসা করেন।

বিশেষ অতিথি ছিলেন-নগর ছাত্রনেতা মুনির চৌধুরী, বাকলিয়া স্বজনের উপদেষ্টা রিয়াজ উদ্দীন মানবাধিকার কর্মী হাসান মুরাদ জুয়েল, হাসান মাহমুদ রুবেল, ইসমাঈল সোহেল।

বাকলিয়া স্বজনের পক্ষে বক্তব্য রাখেন, বাকলিয়া স্বজনের সদস্য সচিব আবদুল আজিজ, মুশফেকুস সালেহিন রাফি, আবদুর রাজ্জাক শুভ, মুশফিকুর রহমান, রাফিউল ইসলাম, টিপু দত্ত, মুহাইমিনুন, রিদুওয়ানুল হক জামি, সায়েম, আবদুর রহমান আরমান, কিশোর কুমার, আরফাত, আরাফাত হোসেন, আসিফুল ইসলাম, এসএম মুহাম্মদ সায়েম, সাইফুল ইসলাম, আরাফাত হোসেন প্রমুখ।

**তুহিন চৌধুরী**




**শিক্ষা সামগ্রী হাতে অতিথিদের সঙ্গে শিক্ষার্থীরা**

# লৌহজংয়ে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

লৌহজংয়ে স্বজন সমাবেশের আয়োজনে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান কুমারভোগ ভাওয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হয়েছে। পদ্মার পাড়ে অবস্থিত টিনসেট বিদ্যালয়টিতে সেদিন যেন আনন্দের বন্যা বইছিল। চরাঞ্চলের ছোট ছোট কোমলমতি শিশুরা স্কুল ড্রেস পরে আশপাশের চর এলাকা থেকে অভিভাবকদের হাত ধরে ছুটে এসেছে ছোট্ট এই বিদ্যাপীঠে তাদের পুরস্কারটি নেয়ার জন্য। শিশুদের চোখে মুখে আনন্দের ছাপ স্কুলের সবাই পুরস্কার পাবে এই প্রত্যাশায়। বেলা ১১টা লৌহজং যুগান্তর স্বজন সমাবেশের সভাপতি, উপদেষ্টা ও যুগান্তর প্রতিনিধি শেখ সাইদুর রহমান টুটুল, স্বজন সমাবেশের মহিলাবিষয়ক সম্পাদিকা এবং স্কুল পরিচালনা পরিষদের সভাপতি আয়শা ছিদ্দিকা খান পপি স্কুল মাঠে এসে হাজির কোমলমতি শিশুরা হাতে ফুল দিয়ে অতিথিদের বরণ করে নিয়ে মঞ্চে উঠালেন। স্কুলের প্রধান শিক্ষক জোসনা বেগম অনুষ্ঠান শুরুর ঘোষণা দিলেন। স্বজন সমাবেশের মহিলাবিষয়ক সম্পাদক ও স্কুল পরিচালনা পরিষদের সভাপতি আয়শা ছিদ্দিক খান পপির সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন স্বজন সমাবেশের সভাপতি আলহাজ মো. আবুল বাসার খাঁন। বিশেষ অতিথি ছিলেন স্বজন সমাবেশের উপদেষ্টা ও যুগান্তর প্রতিনিধি শেখ সাইদুর রহমান টুটুল। বক্তব্য রাখেন স্কুল পরিচালনা পরিষদের সদস্যরা ও স্কুলের শিক্ষক মণ্ডলী। আলোচনা শেষে উপস্থিত অত্র বিদ্যালয় থেকে চলতি বছরের পিএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী জিপি-এ ৫ প্রাপ্তদের হাতে প্রধান অতিথি সম্মাননা ক্রেস্ট ও পুরস্কার তুলে দেন। এরপর এক এক করে বিদ্যালয়ে সাড়ে ৩শ' শিক্ষার্থীকে পুরস্কার তুলে দেন সভাপতি ও অতিথিরা।



**কৃতি শিক্ষার্থীর হাতে উপহার সামগ্রী তুলে দিচ্ছেন অতিথিরা**

**শেখ সাইদুর রহমান টুটুল**

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে